ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৪৩
মোহনপুর, ১১ মে, ২০২৫

**কেন্দ্রীয় কৃষি বিশ্ব বিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান অনুষ্ঠিত**

আজ লেম্বুছড়াস্থিত ফিসারি কলেজের ক্যাম্পাস হলে কেন্দ্রীয় কৃষি বিশ্ব বিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কেন্দ্রীয় কৃষি বিশ্ব বিদ্যালয়ের অধিনস্থ ১৩টি কলেজ সহ ২৩টি রাজ্যের ১ হাজার ৫০০ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করেন। সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসরোর চেয়ারম্যান তথা কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগের সচিব ড. ভি নারায়ণ। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষি বিশ্ব বিদ্যালয়ের চ্যান্সেলার প্রফেসার ড. প্রদীপ কুমার যোশী, লেম্বুছড়াস্থিত ফিসারি কলেজের ডিন প্রফেসর এভি পাতিল। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ইসরোর চেয়ারম্যান তথা কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগের সচিব ড. ভি নারায়ণ বলেন কেন্দ্রীয় কৃষি বিশ্ব বিদ্যালয় একটি উচ্চ স্তরের শিক্ষা প্রতিষ্ঠান। এখান থেকে পাশ করা শিক্ষার্থীরা দেশে এবং দেশের বাইরে সুনামের সঙ্গে কাজ করছেন। অনুষ্ঠানে ৯১ জন গোল্ড মেডেলিস্ট শিক্ষার্থীদের সম্বর্ধনা জানানো হয়।

*****